

আমার ব্যক্তিগত তথ্য কেন ইউরোড্যাকে পাঠানো হয়?

টাইপ ডি

তৃতীয় দেশের নাগরিক বা রাষ্ট্রহীন ব্যক্তির
অবৈধভাবে সদস্য রাষ্ট্রে বসবাস করছেন



▶ আমাকে এই পুস্তিকাটি দেওয়া হচ্ছে কেন?

তোমাকে অনুমতি ছাড়াই এই দেশে বসবাস করতে দেখা গেছে।

এই পুস্তিকাটি কর্তৃপক্ষের দ্বারা তোমার তথ্য এবং তা কতদিনের জন্য সংরক্ষণ করা হবে সে সম্পর্কে আরও তথ্য প্রদান করে।

▶ কেন আমাকে নিজের আঙুলের ছাপ এবং ছবি তুলতে দিতে হবে?

এই দেশের কর্তৃপক্ষ তোমার আঙুলের ছাপ এবং ছবি নেবে। এই তথ্য , তোমার পরিচয় এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সহ, ইউরোড্যাক ডাটাবেসে প্রেরণ করা হবে।

ইউরোড্যাক নির্দিষ্ট কিছু শ্রেণীর ব্যক্তিদের সংযুক্ত করে যারা EU+ দেশের নাগরিক নন, তাদের নিজস্ব অনন্য আঙুলের ছাপ এবং ছবির সাথে।

এই ডাটাবেসটি 31টি EU+ দেশ ব্যবহার করে যারা তোমার তথ্য প্রক্রিয়াকরণ করার জন্য পুনরুদ্ধার করতে পারে। EU+ দেশগুলি এই পুস্তিকার শেষে তালিকাভুক্ত করা হয়েছে।

আপনি এখন লাভভিয়াতে আছেন যেটি একটি EU+ দেশ।

EU+ দেশগুলি হল:



ইউরোপীয় ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড, ইতালি, এস্টোনিয়া, ফ্রায়েশিয়া, গ্রিস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, বুলগেরিয়া, মাল্টা, রোমানিয়া, লাভভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং



অন্য 4টি দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন এবং সুইজারল্যান্ড।

▶ ইউরোড্যাকে কী ধরনের তথ্য সংরক্ষণ করা হয়?



নিম্নলিখিত তথ্য সবসময় সংরক্ষণ করা হয়:

- তোমার আঙ্গুলের ছাপ
- তোমার মুখের একটি ছবি
- তুমি এখন ব্যবহার করছ বা অতীতে ব্যবহার করেছ এমন সমস্ত নাম
- তুমি এখন বা অতীতে ব্যবহার করেছ এমন সমস্ত জন্ম তারিখ
- তোমার জন্মস্থান
- তোমার জাতীয়তা বা জাতীয়তা সমূহ
- তোমার লিঙ্গ
- তোমার ব্যবহৃত যাবতীয় পরিচয়পত্র বা ভ্রমণ সংক্রান্ত নথির প্রতিলিপি, যেখানে পাওয়া যাবে, যার মধ্যে সেগুলির বিশ্বাসযোগ্যতা সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত থাকবে।
- যে অফিসার তোমার আঙ্গুলের ছাপ এবং ছবি তুলেছেন তার ইউজার ID এবং তোমার তথ্য গ্রহণ এবং প্রেরণের তারিখ
- সেই EU+ দেশ যেখানে তোমাকে অনুমতি ছাড়া বসবাস করতে দেখা গেছে।

প্রয়োজনে নিম্নলিখিত তথ্যগুলি ইউরোড্যাকে সংরক্ষণ করা হবে:

- তুমি স্বেচ্ছায় তোমার দেশে ফিরে যাওয়ার প্রস্তাব গ্রহণ করেছেন কিনা সে সম্পর্কে তথ্য
- তোমার নিজের ইচ্ছায় অথবা কর্তৃপক্ষ দ্বারা তোমার নিজের দেশে প্রেরণ করা হয়ে থাকলে, সেই তথ্য
- যদি তোমাকে স্থানান্তরের জন্য নির্বাচিত করা হয়, তাহলে স্থানান্তর করা EU+ দেশ।

তোমার কাছে ইউরোড্যাকে সংরক্ষিত ভুল তথ্য দেখার এবং সংশোধন করার অধিকার রয়েছে এবং তোমার তথ্য যদি বেআইনিভাবে ব্যবহার করা হয় তবে তা মুছে ফেলার জন্য অনুরোধ করো। তুমি এটি করতে ডেটা কন্ট্রোলারের সাথে যোগাযোগ করতে পারো। ডেটা কন্ট্রোলারের সাথে যোগাযোগের বিশদ বিবরণ **‘ইউরোড্যাক সম্পর্কে তোমার যা জানা দরকার’** শিরোনামের পুস্তিকায় পাওয়া যাবে।

▶ আমার ব্যক্তিগত তথ্য ইউরোড্যাকে কত দিন সংরক্ষণ করা হবে?



তোমার তথ্য 5 বছরের জন্য সংরক্ষণ করা হবে এবং তারপর স্বয়ংক্রিয়ভাবে মুছে ফেলা হবে।

তুমি যদি এই সময়ের মেয়াদ শেষ হওয়ার আগে কোনো EU+ দেশের নাগরিকত্ব পেয়ে যাও তবে তোমার তথ্য মুছে ফেলা হবে। যদি তোমার তথ্য মুছে ফেলা হয়, তাহলে তুমি যে দেশে নাগরিকত্ব পেয়েছ সেখানে এটি তোমার স্থিতিকে প্রভাবিত করবে না।

▶ ইউরোড্যাকে কি অন্য কোনো ধরনের তথ্য সংরক্ষণ করা হয়?

তোমার নিরাপত্তা পরীক্ষার ফলাফল সংরক্ষণ করা হবে যদি কর্তৃপক্ষ দেখতে পায় যে:

- তোমার কাছে কোনো অস্ত্র আছে
- তুমি হিংস্র প্রকৃতির হতে পারো
- সন্ত্রাসী অপরাধের সাথে জড়িত ছিল
- একটি গুরুতর অপরাধ করেছ যার জন্য তোমাকে অন্য EU+ দেশে গ্রেফতার করা হতে পারে।

এই ধরনের ক্ষেত্রে, এটি বিবেচনা করা হবে যে তুমি অভ্যন্তরীণ নিরাপত্তার জন্য সমস্যা হয়ে উঠতে পারো। উপরে বর্ণিত প্রযোজ্য কারণ বা কারণগুলির সাথে এটি ইউরোড্যাকে সংরক্ষিত হবে।

যদি EU+ দেশগুলি আর তোমাকে অভ্যন্তরীণ নিরাপত্তার জন্য সমস্যা মনে না করে, তাহলে এই তথ্য মুছে ফেলা হবে।

তোমার কাছে ইউরোড্যাকে সংরক্ষিত ভুল তথ্য অ্যাক্সেস এবং সংশোধন করার অধিকার রয়েছে এবং তোমার তথ্যটি যদি বেআইনিভাবে পরিচালনা করা হয় তবে তা মুছে ফেলার জন্য অনুরোধ করো। তুমি এটি করতে ডেটা কন্ট্রোলারের সাথে যোগাযোগ করতে পারো। ডেটা কন্ট্রোলারের সাথে যোগাযোগের বিবরণ

‘ইউরোড্যাক সম্পর্কে তোমার যা জানা দরকার’ শিরোনামের পুস্তিকায় পাওয়া যাবে।

এই পুস্তিকাটি শুধুমাত্র তথ্য প্রদানের উদ্দেশ্যে প্রকাশিত হয়েছে। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। EUAA বা EUAA এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তিই এই পুস্তিকায় উল্লিখিত তথ্যের ব্যবহারের জন্য দায়বদ্ধ নয়। © ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইগাম, 2025